# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪১২

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যে ব্যক্তি মনে করে যে, বিতর সালাত কেবল মাটিতেই পড়তে হবে-তার কথা অপনোদনকারী হাদীস

ذكر الخبر المدحض قول من زعم أن الْوِتْرَ لَا يُصلَّى إِلَّا عَلَى الْأَرْضِ

আরবী

2412 ـ حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ الْحَسَنِ بْنِ قُتَيْبَةَ قَالَ: حَدَّثَنَا حَرْمَلَةُ بْنُ يَحْيَى قَالَ:حَدَّثَنَا ابْنُ وَهْبٍ قَالَ: أَخْبَرَنَا يُونُسُ عَنِ ابْنِ شِهَابٍ عَنْ سَالِمِ بْنِ عَبْدِ اللَّهِ عَنْ أَبِيهِ قَالَ: كَانَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يُسَبِّحُ عَلَى رَاحِلَتِهِ قِبَلَ أَيِّ وَجْهٍ توجَّهَ وَيُوتِرُ عَلَيْهَا غَيْرَ أَنَّهُ لَا يُصَلِّي عَلَيْهَا الْمَكْتُوبَةَ.
قَالَ سَالِمٌ: وَكَانَ ابْنُ عُمَرَ يُصَلِّي عَلَى دَابَّتِهِ مِنَ اللَّيْلِ وَهُوَ يَسِيرُ لا يبالي حيث كان وجهه
الراوي : عَبْدِ اللَّهِ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2412 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (1149): م، خ معلقاً.

বাংলা

২৪১২. আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা থেকে বর্ণিত, তিনি বলেন, “রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর বাহনের উপর নফল সালাত আদায় করতেন, বাহন যেদিকেই মুখ করে না কেন। তবে তিনি বাহনের উপর ফরয সালাত আদায় করতেন না।”

সালিম রহিমাহুল্লাহ বলেন, “আব্দুল্লাহ বিন উমার রাদ্বিয়াল্লাহু আনহুমা সফরে চলমান অবস্থায় বাহনের উপর রাতের সালাত আদায় করতেন। বাহনের মুখ যেদিকেই হোক না কেন, এতে তিনি পরওয়া করতেন না।”[1]

ফুটনোট

[1] সহীহ মুসলিম: ৭০০; সুনান বাইহাকী: ২/৪৯১; নাসাঈ: ১/২৪৩-২৪৪; আবূ দাউদ: ১২২৪; সহীহ ইবনু খুযাইমাহ: ১০৯০; তাহাবী: ১/৪২৮; আবূ আওয়ানা: ২/৩৪২; মুসনাদ আহমাদ: ২/১৩৭-১৩৮; সহীহ আল বুখারী: ১০৯৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ১২১৩)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91736

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন